


# যুগান্তর

## জেডিসি গণিত পরীক্ষায় ভুলে ভরা প্রশ্ন

প্রকাশ : ১০ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 তালতলী (বরগুনা) প্রতিনিধি



মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে চলমান জেডিসি পরীক্ষার গণিত বিষয় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বৃহস্পতিবার।

এ প্রশ্নের সৃজনশীল অংশের ৪নং এর (গ), ৬নং এর (গ) ও বহু নির্বাচনী অভিক্ষার ১৩নং এর উত্তর মেলাতে পারেনি শিক্ষার্থীরা।

এতে শিক্ষার্থীদের মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে। জেডিসি পরীক্ষার্থী তাওহীদ জানায়, চলমান জেডিসি পরীক্ষার গণিত বিষয় সৃজনশীল অংশের ৪নং এর (গ), ৬নং এর (গ) ও বহু নির্বাচনী অভিক্ষার ১৩নং প্রশ্নই ভুল। এর উত্তর কেউ মিলাতে পারবে না। এ ব্যাপারে মাদ্রাসা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে মোবাইলে যোগাযোগের চেষ্টা করলেও তাকে পাওয়া যায়নি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।